

## জঙ্গিপুৰ সংবাদেৰ নিয়মাবলী

বিজ্ঞাপনেৰ হাৰ প্ৰতি সপ্তাহেৰ জন্তু প্ৰতি লাইন  
১০ আনা, এক মাসেৰ জন্তু প্ৰতি লাইন প্ৰতি বাৰ  
১০ আনা, ১২ এক টাকাকৈ কম মূল্যে কোন বিজ্ঞাপন  
প্ৰকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনেৰ দৰ পত্ৰ  
লিখিয়া বা স্বয়ং আসিয়া কৰিতে হয়।

ইংৰাজী বিজ্ঞাপনেৰ চাৰ্জ বাংলাৰ দিগুণ।

সডাক বাৰ্ষিক মূল্য ২২ টকা।

নগদ মূল্য ১০ এক আনা।

শ্ৰীবিনয়কুমাৰ পণ্ডিত, বৰুনাথগঞ্জ, মুৰ্শিদাবাদ।

Registered

No. C. 853

## জঙ্গিপুৰ সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্ৰ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্ৰেসে পাইবেন।

## অৰাবিন্দ এণ্ড কোং

মহাবীৰতলা পোঃ জঙ্গিপুৰ (মুৰ্শিদাবাদ)

ঘড়ি, টৰ্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনেৰ  
পাৰ্ট্‌স্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্ৰকাৰ সেলাই মেসিন, ফটো  
ক্যামেৰা, ঘড়ি, টৰ্চ, টাইপ রাইটাৰ, গ্ৰামোফোন  
ও বাবতীয় মেসিনাৰী হুলভে স্বন্দৰৰূপে মেৰামত  
কৰা হয়। পৰীক্ষা প্ৰাৰ্থনীয়।

৪০শ বৰ্ষ } বৰুনাথগঞ্জ, মুৰ্শিদাবাদ—১০ই আষাঢ় বুধবাৰ ১৩৬০ ইংৰাজী 24th June, 1953 { ৬ষ্ঠ সংখ্যা



একল ঘৰেৰ তৰে...

# দ্যাপ্তি লৰ্টন

ওৱিয়েণ্টাল নেটাল ইণ্ডাষ্ট্ৰিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্ৰীট, কলিকাতা ১২

G. P. Services

## জীবনযাত্ৰাৰ পাথেয়

আমাদেৰ গৃহ-সংসাৰ কত আশা ও উৎসাহ, কত  
শান্তি ও স্বখেৰ স্বপ্ন দিয়ে তৈৰী। বাপ মাতৃৰ সে  
স্বপ্ন রূঢ় বাস্তবেৰ আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়,  
তাই নিজেৰ জন্তুও যেমন তাঁদেৰ দুশ্চিন্তা, ছেলে-  
মেয়ে ও আত্মীয়-পৰিজনৰ জন্তুও তেমনি তাঁদেৰ  
উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাঁদেৰ জীবনযাত্ৰা  
নিৰ্বাহেৰ উপযোগী সংস্থান কৰে রাখা যায়?  
হিন্দুস্থানেৰ বীমাপত্ৰ সেই সংস্থানেৰ উপায়  
স্বৰূপ—প্ৰত্যেকেৰ আৰ্থিক সঙ্গতি ও বিভিন্ন  
প্ৰয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্ৰেৰ ব্যবস্থা  
আছে।

জীবনযাত্ৰাৰ অনিশ্চিত পথে

জীবন বীমা মাত্ৰেৰ

প্ৰধান পাথেয়।

## হিন্দুস্থান কো-অপাৰেটিভ

ইন্সিওৰেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান লিমিটেড

৪নং চিত্তৰঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩



সৰ্বেভ্যো দেবেভ্যো নমঃ।



## জঙ্গিপুৰ সংবাদ

১০ই আষাঢ় বুধবাৰ সন ১৩৬০ সাল

## মানুষের বিচার

— — —

আমেরিকার বৈজ্ঞানিক মহলে খ্যাতিমান জুলিয়াস রোজেনবার্গ এবং তাঁহার সহধর্মিণী এথেল রোজেনবার্গ দ্বিতীয় মহাযুদ্ধের সময় আমেরিকার শত্রুপক্ষ রাশিয়াকে আণবিক তথ্য সরবরাহের ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন—এই অভিযোগে মৃত্যুদণ্ডে দণ্ডিত করার আদেশ দেওয়া হয়। এই প্রাণদণ্ডের আজ্ঞা লইয়া গত এক বৎসরের অধিককাল আন্তর্জাতিক জগতে তুমুল আলোচনা ও আন্দোলন হইয়া গিয়াছে। তাঁহাদের এই অপরাধের সত্য-সত্য ও প্রাণদণ্ড (যাহা অনেকে রাজনৈতিক আইনসম্মত হত্যাকাণ্ড বলিয়া বর্ণনা করে) লইয়া ভবিষ্যতেও গভীর বিতর্ক চলিতে থাকিবে। এই মানুষের বিচার—সুবিচার কি অবিচার তাহা লইয়া স্বার্থসংশ্লিষ্ট সরকার পক্ষ ও আসামীদের জীবনরক্ষায় আগ্রহশীল জনগণ যথাক্রমে ন্যায়বিচার ও বিচারের ব্যতিচার বলিয়া ধ্বনি তুলিয়া তর্ক চালাইবে অনেক দিন পর্য্যন্ত।

তবে স্বার্থ ও প্রতিহিংসার উর্দ্ধে যাহারা, তাঁহারা বলিবেন—যেখানে পৃথিবীর অসংখ্য নরনারী রোজেনবার্গ দম্পতির জন্ত প্রাণভিক্ষা করিয়া আবেদন করিয়াছিলেন, তখন এত লোকের অহরোধের মর্যাদা রক্ষা করা আমেরিকা সরকারের অপকর্ম বলিয়া কোনরূপেই নিন্দনীয় হইত না।

শেষ অবধি যখন জ্বীলোক এথেল রোজেনবার্গ আমেরিকার সর্বোচ্চ কর্ত্তা প্রেসিডেন্ট আইসেন হাওয়ারের নিকট প্রাণভিক্ষা প্রার্থনা করেন, তখন তাঁহার কারুণ্য প্রদর্শন যেন আইনের বিচারের উর্দ্ধে থাকিয়া মানবতার জয়গান করিত সে বিষয়ে কোন সন্দেহ নাই। শেষ অবধি গত ১২শে জুন গ্রীন-ঘড়ির ১২টা ৪৩ মিনিটে ঘোষণা করা হইল

যে রোজেনবার্গ দম্পতিকে বৈজ্ঞানিক চেয়ারে বসাইয়া প্রথমে স্বামীকে এবং দশ মিনিট পরে স্ত্রীকে নিধন করা হইয়াছে। এই দণ্ডপ্রদান মার্কিন গণতন্ত্রকে যেন এক ধাপ নীচের দিকে নামাইয়া আনিল বলিয়া মনে হয়।

পশ্চিম বঙ্গ প্রাদেশিক  
কংগ্রেস সম্মেলন

— — —

চব্বিশ পরগণা জেলার বায়াসত মহকুমার, (যেখানে সাধারণের ভাষায় দুভিক্ষ এবং পশ্চিম বাঙলার খাদ্যমন্ত্রী ভাষায় মানুষের ক্রয়শক্তির অভাব বলিয়া খবরের কাগজে দেখা যাইতেছে) ভারতের খাদ্যমন্ত্রী অর্থাৎ ভারত সাম্রাজ্যের খাদ্য-সমস্তার কর্ণধার জনাব রফি আহম্মদ কিদোয়াই সম্মেলনের সভাপতি নির্বাচিত হইয়াছেন। ক্ষুধার অগ্নির বিধাতা পুরুষ স্বয়ং যখন সভাপতি, তখন তিনি যাহা জ্ঞাত আছেন, তাহাতে তাঁহার উপর কথা বলার লোক কেহই নাই, যদি আমাদের পশ্চিম বাঙলার খাদ্যমন্ত্রী কোন হৃদিস্ দিতে পারেন তবেই বুড়ুফুর হতাশায় আশার সঞ্চার হইতে পারে। হাতে কলমে ক্ষুধাবৃত্তি অবশ্য চিরদিনই সুদূরপরাহত। না খাইয়া মানুষ মরিয়াছে এই খবর সংবাদপত্রে বাহির হইলেই, প্রচার বিভাগ পরদিনই তাহার তদন্তের ফল ঘোষণা করিবেন—ইহা ভিত্তিহীন; যে সব লোক মরিয়াছে তাহারা হৃদয়স্তরের ক্রিয়া বন্ধ হইয়া বা অথ কোন কারণে মরিয়াছে। আমরা খাদ্য-কর্তৃপক্ষের হৃদয়স্তরের যে অংশে করুণা বলিয়া পদার্থটি থাকে, তাহার উন্নতি-বিধান জন্ত পরমেশ্বরের নিকট প্রার্থনা করি। পশ্চিম বাঙলার আয়তন বৃদ্ধির প্রস্তাব জনাব সাহেব কেন্দ্রীয় কর্ত্তা ব্যক্তিদের গোচরে আনিয়া যদি কিছু করাইতে পারেন। এ ব্যাপারেও পশ্চিম বাঙলার দুইটি মহাপ্রাণীর অনশনের পর তৃতীয় অনশন চলিতেছে। ইহাও খাদ্য সচিবের বিবেচনা সাপেক্ষ। ফরাক্কার বাঁধের কথা—কলিকাতা বন্দরের বাণিজ্যের শুভাশুভ ভাগীরথীর অস্তিত্বের উপর নির্ভরশীল বলিয়া পশ্চিম বঙ্গের বাঙ্গালীদের অপেক্ষা

অবাঙ্গালী ব্যবসায়ী-সম্প্রদায়কে লাভবান কিম্বা ক্ষতিগ্রস্ত করিবে,—এই বিচার করিয়া যদি কর্তৃপক্ষ তৎপর হন, তবেই নচেৎ অথ কোন যুক্তি কার্যকরী হইবে না। যেখানে লোকে বিশেষ করিয়া উদ্বাস্তরা খাদ্যভাবে সর্বস্বত্বহারী কৃতান্তের চরম করুণার অপেক্ষায় করুণ দৃষ্টিতে চাহিয়া, সেখানে এই প্রাদেশিক সম্মেলনের প্যাণ্ডাল নির্মাণ হইতে আরম্ভ করিয়া “দীয়তাম্ ভূজ্যতাম্” ও মাইকের গগন-বিদারী বক্তৃতার ধ্বনি শ্রবণে এবং জন-গণ-মন-অধিনায়কগণের পাছুকাধূলিম্পর্শে কয়েক দিন সর্বহারার দল সব জালা তুলিয়া স্থখী মানুষের অদৃষ্টের সহিত নিজেদের পোড়া কপালের তুলনা করিবার সুযোগ পাইয়া থাকে। স্বাধীনতার আশীর্বাদ ও স্বাধীনতার অভিসম্পাত পাশাপাশি দেখিবার সুবিধা হয় এই সব সম্মেলনে।

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুৰ ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১০ই জুলাই ১৯৫০

১৯৫২ সালের ডিক্রীজারী

৩৮০ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং মোজাফর হোসেন দিং দাবি ৬৫১/২ থানা সুতী মোজে লোকাইপুর ৩-০৮ শতকের কাত ৮৮/২ অর্দ্ধাংশ আঃ ১২০, খং ১১৬

১৯৫৩ সালের ডিক্রীজারী

১০৬ খাং ডিঃ কুমার রামকিশোর সিং দেং রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দাবি ৮৭/২ থানা সুতী মোজে অমরপুর ২৭-৫৪ শতকের কাত ৮৪১/০ আঃ ৮০, খং ২১৭

১৩৬ খাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচি দেং আমিরুদ্দিন বিশ্বাস ওরফে সাবিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ৩৩৬০ থানা রঘুনাথগঞ্জ মোজে বামড়া ও কাশিয়াতান্দা ৩-৩৭ শতকের কাত ৩৬/৬ আঃ ২০, খং ১৮১ ও ৪৭২ রায়ত স্থিতিবান।

৮২ খাং ডিঃ বিবি আমাতুস সুফিয়া সাহেবা দিং দেং দহুজদলনী দাসী দিং দাবি ১৪৬/৬ থানা সুতী মোজে ফতেউল্লাপুর ১০ শতকের কাত যোল আনায় ৮০ নিজাংশে ৫ গুণ্ডা আঃ ২, খং ৩২২



৮৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৬০ মোজাদি  
ঐ ৬ শতকের কাত যোল আনায় ১০/১০ নিজাংশে  
/১ আঃ ২, খং ৩২৩

১০ মনি ডিঃ মঃ কোরবান আলী দেং বুধরায়  
মারি দিঃ দাবি ২৩৫১৩ থানা সাগরদীঘি মোজে  
চারগাছি ১-১২ শতকের কাত ১০/১০ আঃ ১০৫,  
খং ৮৩

চৌকি জঙ্গিপুৰ ২য় মুন্সেফী আদালত  
নিলামের দিন ২০শে জুলাই ১৯৫৩

১৯৫৩ সালের ডিক্রীজারী

৬৬ খাং ডিঃ ধীরেন্দ্ৰনাথ রায় দেং লক্ষ্মীনারায়ণ  
সিংহ দিঃ দাবি ৩৫৬৩/০ থানা সমসেরগঞ্জ মোজে  
মালফা, ফুলন্দর ১-৮২ শতকের কাত আঃ  
১০, খং মালফা ৬২৭, ফুলন্দর ২৬৭

৮৫ খাং ডিঃ মহম্মদ জাফর হোসেন মণ্ডল  
দেং শ্যামাপদ রায় দাবি ৫১৬৬/৬ থানা সাগরদীঘি  
মোজে চাঁদপুর ১-৬৭ শতকের কাত ৭৬১৭ আঃ  
১০, খং ৩৬

## Notice

Sealed tenders are invited for construction of Tar roads within Jangipur Municipality (one mile at Jangipur side and one mile at Raghunathganj side). Rates and specifications may be seen in the office during office hours. Intending contractors are requested to submit tenders to the undersigned superscribed 'Tender for Road Construction' within 7.7.53. Tenderer will have to furnish securities at 2½ % of the estimated amount or the amount fixed by the Commissioners at a meeting within a week from the date of acceptance of the tender. Muktipada Chatterjee

Chairman, Jangipur Municipality,

19.6.53

## অকস্মাৎ বজ্রাঘাত !

বঙ্গমাতার বল ভরসা স্নেহের দুলাল  
ডাক্তার শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়  
আর নাই !

দুঃখিনী খণ্ডিতাজিনী বঙ্গমাতার চোকের জল  
বুঝি আর শুকাইবে না !

ভারত সাম্রাজ্যের অঙ্গীভূত কাশ্মীর রাজ্যে  
প্রবেশ করিতে গিয়া বে-আইনী আইনে ডাঃ  
শ্যামাপ্রসাদ গ্রেপ্তার হইয়া শ্রীনগর জেলে ছিলেন।  
২২শে জুনের সংবাদ ২৩শে জুন সংবাদপত্রে দেখা  
গেল যে পুরিসি রোগ হওয়ায় তাঁহাকে একটি  
সরকারী নার্সিং হোমে চিকিৎসার্থ স্থানান্তরিত করা  
হইয়াছে। ২৩শে জুন দ্বিপ্রহর বেলায় আমাদের  
মহকুমার আদালতসমূহ তাঁহার মহাপ্রয়াণের জ্ঞাত  
বন্ধ হইল। অল ইণ্ডিয়া বেতারের সংবাদে প্রকাশ  
২২শে জুন দিবা গতে রাত্রি ৩টা ৪০ মিনিটের সময়  
তাঁহার মৃত্যু হইয়াছে। ২৩শে জুন রাত্রি ৯টার  
পর স্পেশাল প্লেনে তাঁহার পুত শবদেহ দমদমে  
আনয়ন করা হয়। সারাদিন বাদল বৃষ্টি, পথে  
লোক চলাচল কঠিন, অথচ অগণিত কলিকাতাবাসী  
তাঁহাদের স্বপ্নন অপেক্ষা স্বপ্নন ও বল ভরসা ডাঃ

শ্যামাপ্রসাদকে শেষ অভিবাদন করিয়া সম্মান প্রদর্শন  
জন্ত দমদম এরোড্রোমে উপস্থিত হন। পথের  
দুপাশে নীরব জনসমুদ্র একদৃষ্টে তাঁহাদের চির-  
নিদ্রিত সৌম্যমূর্তি মাননীয় নেতার শকটখানি  
দেখিয়া অশ্রুসিক্ত নয়নে মস্তক অবনত করিয়া চির-  
বিদায়-অভিনন্দন জ্ঞাপন করে। রাত্রি দ্বিপ্রহরে  
তাঁহার স্বদেশের জন্ত এবং অজ্ঞায়ের বিরুদ্ধে উৎসর্গী-  
কৃত নিষ্পন্দ দেহ পৈতৃক ভবনে নীত হয়। আজ  
তাঁহার পার্থিব দেহের ঔর্দ্ধদেহিক ক্রিয়া অল্পশ্রিত  
হইবে। আমরা আমাদের আন্তরিক ভক্তি ও  
শ্রদ্ধাসহ তাঁহার আত্মার উদ্দেশে মস্তক অবনত  
করিয়া বলি—স্বাধীনতা-অভিশাপে অভিশপ্তা  
খণ্ডিতাজনী বঙ্গমাতার দরদী সন্তান! যুগে যুগে  
মায়ের কোলে যেন আবিভূত হও।

## জঙ্গীপুর কলেজ

(গভর্নমেন্ট-পরিচালিত)

আই, এম-সি; আই, কম; আই, এ, পড়ান  
হয়। সুদক্ষ অধ্যাপকমণ্ডলী। টিউটোরিয়াল  
ক্লাসের বিশেষ ব্যবস্থা। ইউনিভার্সিটির পরীক্ষার  
ফল অতীব সন্তোষজনক। আই, এ, (কমাস সহ)  
—৬৭% এবং আই, এম-সি—৪১%। মেধাবী  
ছাত্রদের জন্ত প্রচুর কনসেশন ও ষ্টাইপেন্ড। গত  
বৎসর মোট ৭০০০- গভর্নমেন্ট ষ্টাইপেন্ড দেওয়া  
হইয়াছে। হষ্টেলের স্বব্যবস্থা। খরচ অপেক্ষাকৃত  
কম। হষ্টেল ষ্টাইপেন্ড দেওয়া হয়।

## বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় সদর রাস্তার উপরে যে  
বাড়ীতে এগ্রিকালচার অফিস আছে সেই দ্বিতল  
বাড়ীটি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীতুর্গাপদ দে

রঘুনাথগঞ্জ চাউলপটী কাপড়ের দোকান।

## বিশ্বস্ত প্রতিষ্ঠান

## চা-সংসদে

রকমারী সুগন্ধি দাজ্জিলিং চা এবং আসাম ও  
ডুয়াসের ভাল চা আদ্য মূল্যে পাবেন। আপনারদের  
সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



সি. কে. সেনের আর একটি  
অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

**ক্যাস্টার অয়েল**

বিকশিত কুসুমের স্নিগ্ধ  
গন্ধসারে সুবাসিত এই  
পরিষ্কৃত ক্যাস্টার  
অয়েল কেশের  
সৌন্দর্য্য বর্ধনে  
অনুপম।

ক. সেন অ্যান্ড কোং লিঃ



জবাকুসুম হাউস, কলিকাতা ১২

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক  
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫৭, গ্রে ট্রাট, পোঃ বিডন ট্রাট, কলিকাতা-৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"

টেলিফোন : বড়বাড়ার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের  
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্ল্যাকবোর্ড এবং  
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,  
কো-অপারেটিভ ক্লবাল সোসাইটী, ব্যাকের  
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি  
সর্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায় :—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু ষাঁহারা জটিল  
রোগে ভুগিয়া জ্যাঙ্গে মরা হইয়া রহিয়াছেন,  
স্নায়বিক দৌর্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার,  
প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রশ্রাবদোষ,  
বাত, হিষ্টিরিয়া, স্মৃতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ  
পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার  
পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত  
'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মস্তমুগ্ধ হইবেন।  
প্রতি বৎসর অসংখ্য মৃত্যু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি  
শিশি ১১০ টাকা ও মাশুলাদি ৮/০ আনা।

সোল এজেন্ট :— ডাঃ ডি, ডি, হাজারা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪